

ভর্তি বিজ্ঞপ্তি

(এম.এস-সি ইঞ্জিঃ/এম.এস-সি/পিএইচ-ডি.প্রোগ্রাম)

অত্র বিশ্ববিদ্যালয়ে জুলাই-২০১৪ সেমিষ্টারে পুরকৌশল, তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল, যন্ত্রকৌশল, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রনিকস এন্ড কমমিকেশন ইঞ্জিনিয়ারিং, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং এন্ড ম্যানেজমেন্ট, এনার্জি টেকনোলজি এবং বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং বিভাগে এম.এস-সি ইঞ্জিঃ ও পিএইচ-ডি প্রোগ্রামে এবং গণিত, রসায়ন ও পদার্থ বিদ্যা বিভাগে এম.এস-সি ও পিএইচ-ডি, প্রোগ্রামে ভর্তির জন্য নিম্নলিখিত শর্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

১। আগামী ১৫/০৬/১৪ হতে ২৬/০৬/১৪ ইং তারিখ পর্যন্ত শিক্ষা শাখায় যোগাযোগের পর ফরম বাবদ (জমা রশিদের মাধ্যমে শিক্ষা শাখা কর্তৃক স্বাক্ষরের পর) ৫০/- (পঞ্চাশ) টাকা ব্যাংকে জমা দিয়ে জমা রশিদের মাধ্যমে শিক্ষা শাখা হতে ফরম সংগ্রহ করা এবং দরখাস্ত জমা দেয়া যাবে।

২। দরখাস্ত জমা দেয়ার শেষ তারিখ ২৬/০৬/২০১৪ ইং।

৩। দরখাস্তের সাথে ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবিসহ সকল প্রকার শিক্ষাগত যোগ্যতার সনদ ও মার্কশীটের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

৪। (ক) এম.এস-সি ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামের জন্য প্রার্থীর কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান/ বিশ্ববিদ্যালয় হতে বি.এস-সি ইঞ্জিনিয়ারিং বা এর সমতুল্য ডিগ্রী থাকতে হবে। বি.এস-সি ইঞ্জিনিয়ারিং বা এর সমতুল্য ডিগ্রীতে সন্তোষজনক ফলাফলের উপর ভিত্তি করে প্রার্থী নির্বাচন করা হবে।

(খ) এম.এস-সি প্রোগ্রামের জন্য প্রার্থীর কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয় হতে গণিত, রসায়ন, পদার্থবিদ্যা বিষয়ে ০৪ বছরের বি.এসসি(সম্মান) অথবা এর সমতুল্য ডিগ্রী থাকতে হবে। ৪ বছরের বি.এসসি(সম্মান) অথবা এর সমতুল্য ডিগ্রীর সন্তোষজনক ফলাফলের উপর ভিত্তি করে প্রার্থী নির্বাচন করা হবে।

(গ) পিএইচ-ডি প্রোগ্রামের জন্য প্রার্থীর কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয় হতে এম. ইঞ্জিনিয়ারিং/এম.এস-সি ইঞ্জিনিয়ারিং/৪ বছরের বি.এসসি(সম্মান) সহ এম.এসসি/এম.ফিল বা এর সমতুল্য ডিগ্রী থাকতে হবে। এম. ইঞ্জিনিয়ারিং/এম.এসসি ইঞ্জিনিয়ারিং/ ৪ বছরের বি.এসসি(সম্মান) সহ এম.এসসি/এম.ফিল বা এর সমতুল্য ডিগ্রীতে সন্তোষজনক ফলাফলের উপর ভিত্তি করে প্রার্থী নির্বাচন করা হবে।

(ঘ) এম.এসসি ইঞ্জিনিয়ারিং এবং এম.এসসি প্রোগ্রামের জন্য প্রার্থীর অবশ্যই বি.এস.সি-ইঞ্জিনিয়ারিং ডিগ্রী/৪ বছরের বি.এসসি (সম্মান) ডিগ্রীতে কমপক্ষে CGPA 2.65 (Out of 4.00) এবং এম.এস.সি ও এইচ.এস.সি তে CGPA 3.50(Out of 5.00) থাকতে হবে।

৫। দরখাস্তের সাথে রেজিস্ট্রার, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বরাবর অন্য যে কোন জনতা ব্যাংক লিঃ এর শাখা হতে জনতা ব্যাংক লিঃ, কুয়েট শাখা, খুলনা এর উপর ২০০/- (দুইশত) টাকার ব্যাংক ড্রাফট অথবা শিক্ষা শাখা হতে ফি জমা রশিদের মাধ্যমে (শিক্ষা শাখা কর্তৃক স্বাক্ষরের পর) নগদ ২০০/- (দুইশত) টাকা জনতা ব্যাংক লিঃ, কুয়েট শাখায় জমা দিয়ে জমা রশিদ দরখাস্তের সাথে সংযুক্ত করতে হবে। অসম্পূর্ণ দরখাস্ত বাতিল বলে গন্য হবে। এ বিশ্ববিদ্যালয়ে চাকরীরত বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে এ নিয়ম প্রযোজ্য হবে না।

৬। চাকরীরত প্রার্থীগণকে নিজ নিজ নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে অনুমতিসহ আবেদন করতে হবে।


৭। উল্লেখিত বিভাগ সমূহে বর্ণিত প্রোগ্রাম সমূহে পূর্ণ বা খন্ডকালীন ছাত্র/ছাত্রী হিসেবে ভর্তি হতে পারবে।

৮। শুধুমাত্র পূর্ণকালীন ও অধিকতর যোগ্যতা সম্পন্ন ছাত্র/ছাত্রীদের নিয়মানুযায়ী টিচিং এ্যাসিস্ট্যান্টশীপ (Teaching Assistantship) দেয়া হবে। ভর্তির পর পরিচালক(গবেষণা ও সম্প্রসারণ) এর কার্যালয় থেকে টিচিং এ্যাসিস্ট্যান্টশীপ ফরম সংগ্রহ করতে হবে।

৯। আগামী ০৩/০৭/১৪ ইং তারিখ রোজ বৃহস্পতিবার বিকাল ৩:০০ ঘটিকায় প্রার্থী নির্বাচনের জন্য মৌখিক/লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রার্থীকে অত্র বিশ্ববিদ্যালয়ের স্ব-স্ব বিভাগের বিভাগীয় প্রধানের অফিসে নির্ধারিত সময়ে উপস্থিত হতে হবে।

১০। আগামী ১৩/০৭/১৪ ইং তারিখ চূড়ান্ত ফলাফল ঘোষণা করা হবে।

১১। নির্বাচিত প্রার্থীদের নির্ধারিত ফিস পরিশোধান্তে আগামী ১৪/০৭/১৪ ইং হতে ২৩/০৭/১৪ ইং তারিখের মধ্যে ভর্তি হতে হবে এবং রেজিস্ট্রেশন করতে হবে।


(মোঃ আব্দুর রউফ)
রেজিস্ট্রার

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

স্মারক নং-খুপ্রবি/শিক্ষা/সংস্থাপন/ ২৫৬-২/৪০ তারিখ : ২২/৬/১৪

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১। ডীন, সকল অনুষদ, অত্র বিশ্ববিদ্যালয়।